# যীশুর মত নতুন নেতাদের প্রশিক্ষণ দাওঃ

## পিতা যেমন তার সন্তানকে গড়ে তোলেন সেইরূপভাবে শিক্ষানবীশ নেতাদের গড়ে তোল

যারা শিশুদের শিক্ষা দেয় তাদের T3b পাঠ করা উচিত।

**১. শিক্ষানবীশ নেতাদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রার্থনা এবং বাক্য সহ প্রস্তুতি নিন।**

**প্রার্থনা ঃ** ‘‘স্বর্গীয় পিতা, তোমার পুত্র যীশু নতুন নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন, এবং আমাদের দেখিয়েছেন তা কি ভাবে করতে হয়। তাঁর প্রেরিত পৌল ও আমাদের তা দেখিয়েছেন। নতুন উপাসকমন্ডলী এবং কুটীর সহভাগীতাগুলির জন্য প্রচুর নতুন নেতাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য অনুগ্রহ করে আমাদেরকে শক্তি এবং সামর্থ্য দান কর।’’



লোকদের বৃহৎ একটি দলের মধ্যে যীশু শিক্ষা দেবার পর কি ঘটেছিল তা **মার্ক ৬ঃ১-৬** অংশে খুঁজুন।

- যীশুর বাক্যের প্রতি লোকেরা কিভাবে সাড়াদান করেছিল? (তারা আশ্চর্য হয়ে শুনছিল, ২ পদ)
- যীশুর বাক্য শোনার পর কিছু কিরূপে সাড়া দান করেছিল? (বিরোধিতা সহ ৩ পদ অবিশ্বাস ২ পদ)

ছোট দলগুলির নতুন নেতাদের যীশু কিভাবে প্রশিক্ষণ দান করেছিলেন তা **মার্ক ৬ঃ৭-১৩** অংশে খুঁজুন।

- প্রশিক্ষণের দলগুলি কত বড় ছিল? (সর্বমোট ১২ জন, এক একটি দলে ২ জন ছিল, ৭ পদ)
- যীশু তাঁর প্রশিক্ষিতদের সাথে কি করেছিলেন? (তিনি তাদেরকে তাদের কাজ করার ক্ষমতা প্রদান করেছিলেন। ৭ পদ এবং তারা তাদের কাজগুলি কিভাবে করবে সে বিষয়েও তিনি তাদেরকে নির্দেশনা দান করেছিলেন, ৮ পদ)
- কত তাড়াতাড়ি যীশুর প্রশিক্ষিতরা অন্যদের প্রতি পালকত্ব কাজ শুরু করেছিল? (তৎক্ষনাৎ ১২ পদ)
- যীশুর প্রশিক্ষিতরা তাদের সেই প্রথম যাত্রায় কি প্রকারের কাজ করেছিল? (প্রচার, আরোগ্যতা)
- যীশু কি তাদের আর্থিক সাহায্য প্রদান করেছিলেন? (না, তিনি তাদেরকে কিছুই নিতে বারণ করেছিলন, ৮ পদ)
- যীশুর প্রশিক্ষিতরা যা শিক্ষা করেছিল, তা তারা কোথায় ব্যবহার করেছিল? (গ্রামে গ্রামে ও ঘরগুলিতে)

যীশুর প্রশিক্ষিতরা তাঁর কাছে ফিরে আসার পর কি ঘটেছিল তা **মার্ক ৬ঃ৩০-৩২** অংশে খুঁজুন।

- যীশুর প্রশিক্ষিতরা ফিরে এসে তাঁকে কি রিপোর্ট দিয়েছিল? (তারা যা কিছু শিক্ষা দিয়েছিল এবং করেছিল)
- যীশু তাদের সবকিছু শোনার পর তারা কোথায় গিয়েছিল? (বিশ্রামের নিমিত্তে তারা একটি নির্ধারিত জায়গায় গিয়েছিল)

### যীশুর প্রশিক্ষণ প্রণালীর থেকে পাঁচটি বিধি

- বৃহৎ দলগুলিতে শিক্ষা দেওয়াই যথেষ্ট নয়। প্রত্যেক প্রশিক্ষিত তাদের পালগুলি কি করছে তার যে প্রতিবেদন তৈরী করেছে তা উত্তম রূপে শোনার জন্য তাদেরকে ছোট ছোট দলে ভাগ করে আপনার উচিত তাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- আপনার প্রশিক্ষিতদের তাদের কাজ করার প্রতি ক্ষমতা প্রদান করুন এবং কি ভাবে কোথায় তা করতে হবে সে বিষয়ে নির্দেশনা দিন।
- কিছুটা কাজ করে ফেলার পর তারা কি করেছে এবং বলেছে তার উপর যে প্রতিবেদন দেবে তা ভালো করে শুনুন।

- প্রশিক্ষিতরা যাতে বিশ্রাম করতে এবং আরও শিক্ষা করতে পারে তার জন্য কিছু সময় অন্তর তাদের জন্য কোথাও ভ্রমণে যাবার ব্যবস্থা করুন।

  কারা কাহাদের প্রশিক্ষন দেবেন সে বিষয়ে **২ তীমথিয় ২ঃ১-২** অংশ খুঁজুন।

- পৌলের সাথে তীমথিয়ের সম্পর্ককে ব্যাখ্যা করুন। (এটা ছিল একজন পিতার মত, যিনি তার সন্তানকে প্রশিক্ষন দেন।)
- পৌল কাকে প্রশিক্ষন দান করেছিলেন ? (তীমথিয় সহ আরও অন্যান্যদের যাদের মধ্যে সীল এবং তীত ও ছিল।)
- তীমথিয় কাদেরকে প্রশিক্ষন দান করে ছিল ? (বিশ্বস্ত কর্মচারীদের)
- বিশ্বস্ত কর্মচারীদের আবার কাদেরকে প্রশিক্ষণ দেওয়ার ছিল ? (অন্যান্যদেরও)
- প্রশিক্ষণ শৃঙ্খলার মধ্যে কতগুলি 'যোগসূত্র' ছিল ? (চারটি ঃ পৌল, তীমথিয়, বিশ্বস্ত লোকেরা, অন্যান্যরা।)

শিক্ষানবীশ নেতাদেরকে পৌল কিভাবে প্রশিক্ষণ দান করেছিলেন তা **কলসীয় ১ঃ১-৯** এবং **৪ঃ১৫-১৮** অংশ গুলিতে খুঁজুন।

- পৌলের প্রধান প্রশিক্ষিত কে ছিল ? (তীমথিয় ১ পদ)
- সহ-কর্মী হিসাবে পৌল ও তীমথিয় কাকে প্রশিক্ষণ দান করেছিল ? (ইপাফ্রাকে, ৭ পদ)
- কলসীয়ের বিশ্বাসীদেরকে কে শিক্ষা প্রদান করেছিল ? (ইপাফ্রা, ৭ পদ তিনি কলসীয় বিশ্বাসীদের বৃদ্ধি এবং প্রয়োজনের বিষয়ে পৌলও তীমথিয়কে প্রতিবেদন পাঠিয়ে ছিল)
- তাদেরকে লেখার পাশাপাশি আর কি ভাবে পৌল ও তীমথিয় কলসীয়দের পরিচর্য্যা করেছিল ? (তারা তাদের জন্য প্রার্থনা করেছিল।)

## পৌলের প্রশিক্ষণ প্রণালী থেকে ছয়টি নীতি

- প্রশিক্ষণদানকারী এবং শিক্ষানবীশ নেতাদের মধ্যে পিতা ও পুত্রের সম্পর্ক থাকবে। আপনার সংস্কৃতিতে এরূপ সম্পর্ককে আপনি কি বলে অভিহিত করে থাকেন ?
- আরও অধিক অভিজ্ঞতা সম্পন্ন নেতাদের উচিত নতুন উপাসক মন্ডলীতে এবং তাদের উপাসক মন্ডলীতে শিক্ষানবীশ নেতাদেরকে প্রশিক্ষন দেওয়া।
- যারা প্রশিক্ষন প্রাপ্ত হচ্ছে তারাও বিনিময়ে অতি সত্ত্বর নতুন নবীশ কর্মচারীদের প্রশিক্ষন দিতে পারে।
- প্রশিক্ষিতদের জন্য প্রধান যোগ্যতাটি হল, বিশ্বস্ত হওয়া, এর অর্থ হল এই যে, তারা যে প্রশিক্ষণ প্রাপ্ত হচ্ছে তা ব্যবহারিক অর্থে প্রয়োগ করা।
- প্রশিক্ষন দানকারীরা তাদের প্রশিক্ষিতদের উপাসকমন্ডলীগুলি সম্পর্কে অবহিত হতে পারেন এবং তাদের জন্য প্রার্থনা করতে পারেন।
- প্রশিক্ষনদানকারীরা, উপাসকমন্ডলীগুলি এবং তাদের নেতাদের প্রয়োজন সমূহ মেটাবার জন্য প্রশিক্ষনের পুস্তকাদি লিখে থাকেন।

২. **আসন্ন সপ্তাহের জন্য, আপনার সহকর্মীদের সাথে কার্যকলাপ এর পরিকল্পনা করুন।**

আপনার প্রশিক্ষিতরা যাতে নতুন নেতাদের প্রশিক্ষন দিতে পারে তার ব্যবস্থা করুন এবং এই পাঠক্রমের বিষয়গুলি তাদেরকে সরবরাহ করুন।

পরিবারগুলির পধান ব্যক্তিদের পরিদর্শন করুন। প্রার্থনা এবং আরাধনা সহ তারা যাতে তাদের পরিবারগুলিতে পালকত্ব করতে পারে তার জন্য তাদেরকে প্রশিক্ষন দেওয়া আরম্ভ করুন।

কোথায় সুসমাচার বিস্তার লাভ করছে তা একত্রে আলোচনা করুন এবং গৃহমন্ডলীগুলিকে নেতৃত্ব দিতে পারবে এমন জনকে চিহ্নিত করুন।

আপনার প্রশিক্ষিতদের দলগুলির কি প্রয়োজন আছে সে বিষয়ে জিজ্ঞাসা করুন, এবং তাদেরকে সাহায্য করার জন্য সংক্ষিপ্ত শিক্ষার পুস্তক লিখুন অথবা খুঁজুন।

এই পুস্তকগুলি এমন জায়গায় রাখুন যেখান থেকে আপনি সত্বর সেগুলিকে খুঁজে পাবে এবং অন্যান্য কর্মীদের সাথে ভাগ করে নিতে পারবেন।

**৩. পরবর্তী আরাধনার বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

নতুন নেতাদের যীশু কিভাবে প্রশিক্ষন দিয়েছিলেন তা আলোচনা করুন (উপরে দেওয়া বাইবেলের পদ এবং প্রশ্নগুলি ব্যবহার করুন)

পৌল ও তীমথিয় নতুন নেতাদের কিরূপে প্রশিক্ষণ প্রদান করেছিল তা ব্যাখ্যা করুন; আমরাও কি ভাবে তা করতে পারি তা আলোচনা করুন।

শিশুরা যা কিছু প্রস্তুত করেছে, তা তাদেরকে উপস্থাপন করতে দিন।

নতুন নেতাদেরকে যারা প্রশিক্ষন দিয়ে চলেছেন, তাদেরকে উন্নতি এবং প্রয়োজনের বিষয়ে প্রতিবেদন দিতে বলুন।

প্রভুর ভোজের পরিচিতি করনের জন্য গণনা পুস্তক ৯ঃ১-২ অংশ পাঠ করুন এবং তার ব্যাখ্যা করুন।

- ঈশ্বর দ্বারা ইস্রায়েলীয়দের দাসত্ব শৃঙ্খলা থেকে মুক্ত করার এক বছর পর, নতুন পালকরা লোকদেরকে কি ভাবে একটি মেষ শাবকের রক্ত তাদের প্রথমজাত সন্তানকে রক্ষা করেছিল, তা স্মরণ করাতে, নিস্তার পর্ব্ব পালন করার জন্য নেতৃত্ব দিয়েছিল।
- যীশু এই ভোজের একটি নতুন অর্থ প্রদান করেছিলেন। তিনিই হলেন আমাদের নিস্তার পর্ব্বের মেষ।

প্রার্থনা করতে, নতুন পালকদের প্রশিক্ষন দিতে এবং অন্যান্য নগরগুলিতে প্রচার করতে দুই তিন অথবা চারজনকে নিয়ে দল গঠন করুন।

একজন শিক্ষকের একটি নীতিকে মুখস্থ করঃ তোমরা আমার অনুকারী হও, যেমন আমিও খ্রীষ্টের অনুকারী।

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net